

মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নম্বরঃ ৫৩৪৪

পর্ব-২৬: মন-গলানো উপদেশমালা (كتاب الرقاق)

পরিচ্ছেদঃ প্রথম অনুচ্ছেদ - ভয় ও কান্না

الفصل الاول (باب البكاء والخوف)

আরবী

وَعَنْ ابْنِ عُمَرَ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «إِذَا أَنْزَلَ اللَّهُ بِقَوْمٍ عَذَابًا أَصَابَ الْعَذَابُ مَنْ كَانَ فِيهِمْ ثُمَّ بُعِثُوا عَلَىٰ أَعْمَالِهِمْ». مُتَّفَقٌ عَلَيْهِ

متفق عليه ، رواه البخارى (7108) و مسلم (84 / 2879) ، (7234) -
(مُتَّفَقٌ عَلَيْهِ)

বাংলা

৫৩৪৪-[৬] ইবনু উমার (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ (সা.) বলেছেন: যখন আল্লাহ তা'আলা কোন সম্প্রদায়ের প্রতি শাস্তি অবতীর্ণ করেন তখন উক্ত শাস্তি তাদের সকলকে পেয়ে বসে। অতঃপর আখিরাতে তাদেরকে আপন 'আমল অনুযায়ী উঠানো হবে। (বুখারী ও মুসলিম)

ফুটনোট

সহীহ: বুখারী ৭১০৮, মুসলিম ৮৪-(২৮৭৯), সহীহুল জামি' ৩০৯, সিলসিলাতুস সহীহাহ্ ১৬২২, মুসনাদে আহমাদ ৪৯৮৫, আবু ইয়া'লা ৫৫৮২, সহীহ ইবনু হিব্বান ৭৩১৫।

ব্যাখ্যা

ব্যাখ্যা: (إِذَا أَنْزَلَ اللَّهُ بِقَوْمٍ عَذَابًا) আল্লাহ তা'আলা যখন কোন সম্প্রদায়কে তাদের খারাপ কৃতকর্মের জন্য শাস্তি প্রদান করেন, তখন সম্প্রদায়ের ভালো মন্দ সকলের ওপর শাস্তি বর্ষিত হয়। অতঃপর হাশরের মাঠে প্রত্যেকেই তাদের কৃতকর্ম নিয়ে উঠবে। ভালোরা ভালো 'আমল দিয়ে এবং মন্দরা মন্দ 'আমল নিয়ে। অতঃপর প্রত্যেকেই তাদের কর্ম অনুযায়ী ফল ভোগ করবে। ভালো হলে ভালো আর মন্দ হলে মন্দ পরিণতি ভোগ করবে। (মিরকাতুল

মাফাতীহ, ফাতছল বারী ১৩/৭১০৮)।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি □ বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=85323>

📄 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন